তারিখ ... 2 0 MAR 1994
পৃষ্ঠা 2 কলাম ১

দৈনিক ইত্তেফাক

43

### হল দখল লইয়া শিবির-ছাত্রদল সংঘর্ষ

# চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা

চট্টগ্রাম অফিস ॥ রমজানের ছুটির পর গতকাল শনিবার চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট খোলার দিন হল দখল নিয়া ইসলামী ছাত্র শিবিরের সহিত ছাত্রদল কর্মীদের ব্যাপক সংঘর্ষের জের হিসাবে কর্তৃপক্ষ পুনরায় ইনষ্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন। একই সঙ্গে কর্তৃপক্ষ সন্ধ্যা ৬টার মধ্যে দখলকৃত হল খালি করিয়া দেওয়ার নির্দেশ জারির পর পুলিশ তল্লাশী অভিযান চালাইয়া ৩নং হল (সিরাজুদ্দৌল্লাহ) হইতে ১টি গ্রেনেড, ১টি ককটেল ও বিপুল

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম পলিটেকনিক

(১ম পৃঃ পর)

পরিমাণ ককটেল তৈরীর সরঞ্জামসঃ ফজলুল হক নামের ১ জন শিবির কর্মীকে গ্রেফতার করিয়াছে।

পুলিশ জানায়, গতকাল ইনষ্টিটিউট খোলার পূর্ব ঘোষিত দিন ভোরে বিপুল সংখ্যক শিবির কর্মী ইনষ্টিটিউটের হল ৩টিতে ঢুকিয়া অবস্থান নেয়। সকাল ৭টায় ছাত্রদল কর্মী ও সমর্থকরা ক্যাম্পাসে প্রবেশ করিতে গিয়া বাধার সম্মুখীন হইলে সংঘর্ষের সূত্রপাত হয়। ছাত্রদল চট্টগ্রাম মহানগরী শাখা ও পলিটেকনিক ইনষ্টিটিউট শাখার নেতৃবৃন্দ পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে অভিযোগ করিয়াছে যে, বিপুল সংখ্যক সশস্ত্র বহিরাগত শিবির কর্মী ফজর নামাজের পর কমাণ্ডো ষ্টাইলে হল দখল করিয়া নেয়। তাহারা সকালে ক্লাসে যোগদানেচ্ছু ছাত্রদল নেতা-কর্মী এবং সাধারণ ছাত্রদের উপর হামলা চালাইয়া কয়েকজনকে অপহরণ করিয়া নিয়া যায় এবং নির্যাতন চালায়। এ সময় সাধারণ ছাত্ররা প্রতিরোধের চেষ্টা করিলে শিবির কর্মীরা গুলীবর্ষণ ও বোমা হামলা চালায়। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, শিবির কর্মীদের হামলায় ছাত্রদল কর্মী আবদুল্লাহ-আল-হারুন, আবুল হোসেন, সোহেল ইকবাল টুটুল, কাউসার ও শান্তনু আহত হয়। ছাত্রদল নেতৃবৃন্দ পৃথক এক বিবৃতিতে অবিলম্বে সন্ত্রাসী সকল শিবির কর্মীকে গ্রেফতার করিয়া কলেজ ও ছাত্রাবাস খুলিয়া দেওয়ার দাবী জানাইয়াছে। ইসলামী ছাত্র শিবিরের এক প্রেস বিজ্ঞপ্তিতে শিবির কর্মীদের উপর ছাত্রদলের সশস্ত্র কর্মীরা হামলা চালাইয়াছে বলিয়া অভিযোগ করা হয়। শিবির নেতৃবৃন্দ এক বিবৃতিতে অভিযোগ করেন যে, পুলিশের উপস্থিতিতে ছাত্রদল কর্মীরা কমাণ্ডো ষ্টাইলে হামলা চালায়। তবে শিবির ও সাধারণ ছাত্রদের প্রতিরোধের মুখে হামলাকারীরা পালাইয়া যাইতে বাধ্য হয়।